

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫০৩

আগরতলা, ২১ জানুয়ারি, ২০২৫

উত্তর ত্রিপুরা জেলায় বাড়িতে গিয়ে নবজাত শিশুদের স্বাস্থ্য পরীক্ষা



মা ও শিশুর উন্নত স্বাস্থ্য বজায় রাখার লক্ষ্যে স্বাস্থ্যকর্মীরা নবজাত শিশুর বাড়িতে গিয়ে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার করছেন এবং মায়াদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেছেন। উত্তর জেলার অধীন লালজুরি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত পূর্ব মাকুমছড়া এলাকায় স্বাস্থ্যকর্মীরা গত ১৭ জানুয়ারি ২০২৫ এক শিশুর বাড়িতে গিয়ে স্বাস্থ্য পরীক্ষা করেন এবং মা সহ বাড়ির অভিভাবকদের স্বাস্থ্য পরিচর্যা সংক্রান্ত প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ করেন লালজুরি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আশা ফেসিলিটেটর সম্পী নাথ এবং আশাকর্মী নিয়তি নাথ। এই কর্মসূচিতে আশাকর্মীরা শিশুর ক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্নতার বিধি অনুসরণ করার পরামর্শ প্রদান করেন। তাছাড়া শিশুকে নানা রোগ সংক্রমণের হাত থেকে রক্ষা করতে মায়ের বুকের দুধ পান করানোর গুরুত্ব এবং ছয় মাস পর্যন্ত শিশুদের একমাত্র মায়ের বুকের দুধ পান করানো ও ছয় মাস পর থেকে অন্যান্য পরিপূরক সুষম পুষ্টিকর খাদ্য খাওয়ানোর জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়াও স্বাস্থ্যকর্মীরা নিয়মিত মায়ের রক্তে হিমোগ্লোবিন পরীক্ষা করা, আয়রনযুক্ত খাবারের প্ৰয়োজনীয়তা ও মায়াদের পুষ্টিকর খাদ্য গ্রহণ করার ব্যাপারেও পরামর্শ প্রদান করেন।

এদিকে ব্রজেন্দ্রনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত রাঘনা এলাকায় এক ১৪ দিনের শিশুকে স্বাস্থ্যকর্মীর বাড়িতে গিয়ে পর্যবেক্ষণ করে, প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ করেন আশা ফেসিলিটেটর জয়া রাণী সিনহা এবং আশাকর্মী শিবানী পাল। আশাকর্মীরা শিশুর মা ও বাড়ির অন্যান্য অভিভাবকদেরকে বিভিন্ন রোগ সংক্রমণের হাত থেকে রক্ষা করতে মায়ের বুকের দুধ পান করানোর গুরুত্ব ও পুষ্টিকর খাদ্য গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
